# কমপিউটার জগতের খবর

## দাম কমানোর প্রতিযোগিতা এখন তুঙ্গে

(আমেরিকা প্রতিনিধি)

বাজারে টিকে থাকার জন্য আমেরিকায় নির্মাতারা এখন দাম কমানো প্রতিযোগিতায় নেমেছেন বলে মনে হচ্ছে। গত ফেব্রুয়ারী মাসের প্রথম সপ্তাহে এ্যাপল কমপিউটার ইন্‌ক এবং ডেল কমপিউটার কর্পো. ৩৮% পর্যন্ত দাম কমিয়েছে। এ্যাপল তার কম মূল্যের ক্ল্যাসিকের দামও ১০% কমিয়েছে। আর নতুন পাওয়ার বুক ১০০-এর দাম কমানো হয়েছে ১৩%। ফেব্রুয়ারী মাসের ১০ তারিখে জেনিথ ডাটা সিস্টেম্‌স কর্পো. তার পিসির দাম কমিয়েছে ২৬%।

গত দুই মাসে নামকরা কমপক্ষে এক ডজন কোম্পানী তাদের পিসির দাম কমিয়েছে। যার মধ্যে রয়েছে আইবিএম, কম্প্যাক ও জিওস-এর মত প্রতিষ্ঠান। আর তাই ইন্টেল 80386 ভিত্তিক যে পিসিটি এখন ১২০০ ডলারে পাওয়া যাচ্ছে, ৬ মাস আগে তার দাম ছিল ১৬০০ ডলার। একবছর আগে এটি বিক্রি হত ৩,৫০০ ডলারে।

পিসির মূল্য হ্রাস নতুন কোন ব্যাপার নয়। কারণ যখনই নতুন কোন প্রযুক্তি ব্যবহৃত হয় বাজারে পুরাতন পিসির দাম তখনই কমে যায়, তবে এই হ্রাসের মাত্রা মোটামুটিভাবে বছরে ১০%। যদিও গত বছর সারা বিশ্বে এই প্রথম পিসি বিক্রির পরিমাণ ৮.৩% কমে হলো। কিন্তু বিক্রিত পিসির সংখ্যা বেড়েছিল ৪%।

মূল্য কমানোর প্রতিযোগিতা কেবল পিসিতেই সীমাবদ্ধ নয়। কম্পোনেন্টের মূল্যও সাথে সাথে কমছে। যেমন ১৯৯১ সালের মাঝামাঝি সময়ে ইনটেলের 386 চিপের দাম কমেছে ৩৫%। আর ১৯৯১ সালে ডিস্ক ড্রাইভের দাম কমেছে ৪০%।

মনে হচ্ছে দাম কমানোর এই প্রতিযোগিতা চলতেই থাকবে এবং ক্রেতারাও এর থেকে লাভবান হবে। ❋


## ভারতে কমপিউটার শেখার জন্য ব্যাংক ঋণ ও বৃত্তি প্রদান

(ভারত প্রতিনিধি)

বোম্বাইয়ের এ্যাপল ইণ্ডাস্ট্রিজ লিঃ এবং ব্যাংক অব বরোদা যৌথভাবে "কমপিউটার কোর্স ঋণপ্রকল্প" চালু করেছে। এই প্রকল্পের আওতায় ব্যাংকটি তার কয়েকটি নির্বাচিত শাখার মাধ্যমে কমপিউটার কোর্স করার জন্য এ্যাপল কর্তৃক নির্বাচিত ছাত্রদের ২৫০০০ রুপী পর্যন্ত সহজ শর্তে ঋণ দেবে। ছাত্ররা এটা পরে এককালীন বা কিস্তিতে শোধ করতে পারবে। মেধাবী ছাত্রদের কমপিউটার কোর্স করতে উদ্বুদ্ধ করার জন্য এ প্রকল্পটি নেয়া হয়েছে।

ওদিকে এন আই আই টি সারাদেশের ৫৫টি শহরে ছাত্র-ছাত্রীদের কমপিউটার শিক্ষার উৎসাহিত করার জন্য বৃত্তি প্রদানের কথা ঘোষণা করেছে।

এন আই আই টি ভারতের বড় বড় শহরগুলোতে কমপিউটার ড্রোমও চালু করেছে। প্রতিটি কমপিউটার ড্রোমে প্রায় ১০০টি কমপিউটার এন আই আই টির যে কোন ছাত্রের ব্যবহারের জন্য সকাল ৬টা থেকে রাত ১০টা পর্যন্ত উন্মুক্ত থাকে। এন আই আই টি-র ডাইরেক্টর বিজয় থাদানী-র মতে প্রতিটি কমপিউটার ড্রোমই 'মনের ব্যামাগার' হিসেবে কাজ করছে। ❋



NIIT -র কমপিউটার ড্রোম

## ইউরোপে জাপানীদের রুখবার জন্য আইবিএম চুক্তির পর চুক্তি করছে—

(ইংল্যান্ড প্রতিনিধি)

আইবিএমকে এন্টিট্রাস্ট মামলা করে বা গবেষণা এবং উন্নয়ন পরিকল্পনায় ব্ল্যাকলিষ্ট করে ইউরোপে তার আধিপত্য ঠেকানোর চেষ্টা করা হচ্ছিল। আমেরিকার এই বৃহৎ কোম্পানীটির জন্য ফ্রান্সের সরকার যুগ যুগ ধরে কেবলমাত্র "বুল" কিনে আসছিল।

কিন্তু এখন ১১৩ বিলিয়ন ডলারের ইউরোপের কমপিউটার বাজারে ইউরোপীয় নির্মাতাদের সবচেয়ে বড় হুমকি হচ্ছে জাপানীরা। এরই মধ্যে ইংল্যান্ডের ইন্টারন্যাশনাল কমপিউটারস, ফীনল্যান্ডের নোকিয়া ডাটা জাপানী ফুজিৎসুর কাছে এবং ইংল্যান্ডের এ্যাপ্রিকট মিটসুবিশি ইলেক্ট্রিকের কাছে বিক্রি হয়ে গেছে। কাজেই সতর্কবানী উচ্চারণ করে অন্যান্য নামকরা প্রস্তুতকারকদের আইবিএম তার সাথে হাত মেলাবার প্রচেষ্টা চালাচ্ছে। এতে অবশ্য কাজও দিয়েছে। ফ্রান্সের বুল কোম্পানী (যার ৪.৭% শেয়ার জাপানের এনইসি-র) গত জানুয়ারী মাসের শেষের দিকে আইবিএম-এর সাথে সহযোগিতা চুক্তি করেছে। আইবিএম ১০০ মিলিয়ন ডলারে বুলের ৫.৭% সম্পদ কিনবে। আর বুল আইবিএম-এর RS/6000 মাইক্রোপ্রসেসর ব্যবহার করবে।

গত দুই বছরে আইবিএম ইউরোপে প্রায় ২০০ সফটওয়্যার এবং কমপিউটার সার্ভিস কোম্পানীর অংশীদার হতে ১০০ মিলিয়ন ডলারেরও বেশি খরচ করেছে। ১৯৯০ সালে আইবিএম সীমেন্স-এর সাথে চুক্তি করে ১৬ এবং ৬৪-মেগাবিট ডিনামিক র‍্যানডম-এ্যাক্সেস মেমরী (DRAM) চীপ উদ্ভাবন ও তৈরীর কাজ করছে। যা ইউরোপে প্রথম ৬৪ মেগাবিট প্রযুক্তি নিয়ে আসবে। এতে ইউরোপের কমপিউটার শিল্পের জাপানের উপর নির্ভরতা হ্রাস পাবে।

ইউরোপের JESSI সেমিকণ্ডাক্টর ডেভেলপমেন্টে গত বছর আইবিএমকে সদস্য হিসেবে নেয়া হয়েছে। যেখানে অনেক সদস্য এতে আইসিএল-এর অর্ন্তভূক্তির বিরোধীতা করছে কারণ এটি ফুজিৎসুর সাথে চুক্তিবদ্ধ হয়েছে।

ফ্রান্স সরকার বুল-এর সাথে চুক্তির সম্মতি দেয়ায় আইবিএম SGS-Thomson Microelectronics -এর কাছে তার চীপ তৈরীর প্রযুক্তি সরবরাহ করতে সম্মত হয়েছে। এবং সে এই ফ্রান্স-ইতালীর কোম্পানী থেকে তার পণ্য ব্যাপক আকারে কিনবে বলে জানিয়েছে।

বর্তমানে ইউরোপের কমপিউটার কম্পোনেন্টের বাজার হচ্ছে ৩০ বিলিয়ন ডলার। ইউরোপে তৈরী কমপিউটারের মূল্যের ৪০%-ই জাপানী কম্পোনেন্টে ব্যয় হয়। ১৯৯৩ সালের মধ্যে আইবিএম ইউরোপের এই কম্পোনেন্ট বাজারের ৩% পাবার জন্য ইতিমধ্যেই প্রায় ১৩০টি চুক্তি করেছে।

হিউলেট প্যাকার্ড এবং অন্যান্য কোম্পানীর সাথে তীব্র প্রতিযোগিতা' সত্ত্বেও গত বছর এই প্রথম আইবিএম আমেরিকার চেয়ে ইউরোপেই বেশি বিক্রি করতে সক্ষম হয়েছে।

এখন অনেকেই ওলিভিটি এবং সীমেন্স-নীক্সডর্ফের দিকে তাকিয়ে আছে। তারাও কি আইবিএম-এর সাথে চুক্তিবদ্ধ হবে ? ❋

## রোগীদের সেবায় কমপিউটার

হাসপাতালের ডাক্তার এবং নার্সদের কাগজপত্রের ঝামেলা কমিয়ে ফেলার জন্য জাপানের ফুজিৎসু কোম্পানী HOPE/EGMAIN নামে একটি কমপিউটার বাজারজাত করছে। এর স্ক্রীনটা হাসপাতালের রোগীদের কার্ডের মত ডিজাইন করা। একটি তারবিহীন পেনের সাহায্যে ডাক্তারগণ এই লিকুইড ক্রীস্টাল টাচ স্ক্রীনে চিকিৎসা ব্যবস্থাপত্র লিপিবদ্ধ করতে পারেন। এটি হাতের লেখাও বুঝতে পারে। কাজেই এতে ডাক্তারগণ তাঁদের মতামতও লিখে জানাতে পারেন। ❋

## Everex -এর নতুন রঙ্গীন মনিটর

এভারেক্স কোম্পানী ১৫", ১৭" এবং ২১" মডেলের নতুন PRO সিরিজের রঙ্গীন মনিটর বাজারে ছেড়েছে। যা গ্রাফিক্স ইউজার ইন্টারফেস ব্যবহারকারীদের (যেমন উইনডোজ বা এক্সউইন ডোজ) জন্য উচ্চ রেজুলিউশনের এবং স্বল্পমূল্যের একটি মনিটর।

এর ১৫" মনিটরের রেজুলিউশন হচ্ছে ১০২৪×৭৬৮ আর ১৭" এবং ২১" এর যথাক্রমে ১২৮০ ×১০২৪ এবং ১৬৬৪ ×১২০০। লাল, সবুজ বা নীল রঙ্গের সন্নিবেশ ঘটিয়ে অপূর্ব রঙ্গের সমাহার করে দেয়ার জন্য এতে তৈরি করে দেয়া হয়েছে 'Accucolor' পদ্ধতি।

এভারেক্সের এই মনিটর আইবিএম কমপাটিবল এবং ম্যাকিনটোশ কমপিউটারের সাথে সংযোগ করার ব্যবস্থা রয়েছে। ❋

## বিসিসি-র নতুন 'কাউন্সিল সদস্য'

নিম্নলিখিত ব্যক্তিবর্গকে পরবর্তী দু'বছরের জন্য বাংলাদেশ কমপিউটার কাউন্সিলের "কাউন্সিল সদস্য" হিসেবে মনোনীত করা হয়েছে ঃ

১। সদস্য, বাণিজ্য ক্ষেত্রে— প্রেসিডেন্ট, ঢাকা চেম্বার অব কমার্স এণ্ড ইণ্ডাস্ট্রিজ।
২। সদস্য, শিক্ষা ক্ষেত্রে— শিক্ষা বিভাগের প্রতিনিধি (যুগ্ম-সচিবের নিম্নে নহে)।
৩। সদস্য, অর্থনীতির ক্ষেত্রে— অর্থ বিভাগের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নহে)।
৪। সদস্য, প্রকৌশল ক্ষেত্রে— ভাইস চ্যান্সেলর, (প্রকৌশল বিশ্ববিদ্যালয় অথবা তার প্রতিনিধি প্রফেসরের নিম্নে নহে)।
৫। সদস্য, আইন ক্ষেত্রে— আইন ও বিচার মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নহে)।
৬। সদস্য, শিল্প ক্ষেত্রে— শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্ম সচিবের নিম্নে নহে)।
৭। সদস্য, ব্যাংকিং ক্ষেত্রে — এম, ডি, শিল্প ব্যাংক।
৮। সদস্য, তার যোগাযোগ ক্ষেত্রে— চেয়ারম্যান, টি এণ্ড টি বোর্ড অথবা তাঁর প্রতিনিধি (সদস্যের নিম্নে নহে)।
৯। সদস্য, কমপিউটার ক্ষেত্রে— প্রেসিডেন্ট, বাংলাদেশ কমপিউটার সোসাইটি।
১০। সদস্য, নিরাপত্তা ও প্রতিরক্ষার ক্ষেত্রে — ডি জি এন এস আই অথবা তাঁর প্রতিনিধি (পরিচালকের নিম্নে নহে)। ❁

## স্বাগতম OLIVETTI

ইটালীর বিখ্যাত কমপিউটার এবং প্রিন্টার বিক্রেতা OLIVETTI তার ব্যবসা বাংলাদেশে সম্প্রসারিত করছে। ঢাকার কমপিউটারল্যাণ্ডকে সম্প্রতি OLIVETTI-র জন্য বাংলাদেশের একমাত্র পরিবেশক নিযুক্ত করা হয়েছে। ইতিমধ্যে যারা বিভিন্ন সূত্রে OLIVETTI ব্যবহার করছেন তারা এখন থেকে কমপিউটারল্যাণ্ডের কাছ থেকে এ সংক্রান্ত যে কোন সাহায্য নিতে পারেন।

উল্লেখ্য যে OLIVETTI গ্রুপ ১৯৯০-এর ইউরোপীয়ান মার্কেটে কমপিউটার ও প্রিন্টার বিক্রিতে ৪র্থ স্থান এবং বিশ্বব্যাপী ৯ম স্থান লাভ করেছে। ❁

## স্বাগতম ARTISOFT

আমেরিকার Artisoft Inc. বাংলাদেশে তাদের পণ্যের জন্য প্রদেষ্টা লিমিটেডকে বাংলাদেশে একমাত্র ডিষ্ট্রিবিউটর নিযুক্ত করেছে। আরটিসফট-এর LANtastic নেটওয়ার্ক অপারেটিং সিস্টেম Peer-to-Peer সংযোগের জন্য বেশ কয়েকটি আন্তর্জাতিক পুরস্কার পেয়েছে।

প্রদেষ্টা লিঃ অনেক সুবিধা সম্বলিত ইউনিক্স সমতুল্য অত্যন্ত কমদামের COHERENT প্যাকেজও বাংলাদেশে বাজারজাত করছে। ❁

## বিসিসি-র খবর

প্রতিষ্ঠার পর এই প্রথমবারের মত বিসিসির অডিট হচ্ছে। বিসিসির কয়েকজন কর্মকর্তার কার্যকলাপের উচ্চ পর্যায়ের তদন্ত চলছে বলে জানা গেছে। এদিকে বিসিসি কমপিউটার ব্যবসায়ীদের নিয়ে এপ্রিলের ৩য় সপ্তাহে এক প্রদর্শনীর আয়োজন করতে যাচ্ছে। ঢাকার একটি ৫ তারা হোটেলে প্রচুর টাকা ব্যয় করে এই প্রদর্শনীর আয়োজন করা হচ্ছে। ❁



## আমরা শোকাহত

রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ফলিত পদার্থ বিজ্ঞান ও ইলেকট্রনিক্স বিভাগের প্রফেসর, আই এস আই-এর ডাইরেক্টর ডঃ নুরুল ইসলাম হৃদরোগে আক্রান্ত হয়ে গত ২০শে মার্চ ইন্তেকাল করেন (ইন্না..... রাজেউন)। তিনি কমপিউটার জগৎ-এর কার্যক্রমে বিভিন্ন সময়ে সক্রিয় সহযোগিতা এবং উৎসাহ প্রদান করেছেন যার জন্য আমরা তার কাছে ঋণী। আমরা তার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করি.

## অভিনব চুরি

সম্প্রতি ঢাকাস্থ দি সুপরিয়র ইলেক্ট্রনিক্স থেকে অভিনব কায়দায় চারটি হার্ডডিস্ক চুরি হয়েছে। জানা যায় ২৩-৩-৯২ তারিখে টেলিফোনে অর্ডার দেয়ার পর জামাল বখতিয়ার নামে একজন লোক একটি প্রতিষ্ঠিত কমপিউটার প্রতিষ্ঠানের কার্ড হাতে সুপরিয়র ইলেক্ট্রনিক্সে আসে। সেখান থেকে ৪টি হার্ডডিস্ক নিয়ে সুপরিয়র ইলেক্ট্রনিক্সের একজন লোকসহ সেই কমপিউটার প্রতিষ্ঠানে যাওয়ার পথে কথিত জামাল বখতিয়ার হার্ডডিস্কসহ উধাও হয়ে যায়। প্রতিষ্ঠানটি এ ব্যাপারে কিছুই জানেন না বলে জানান। পরে ২৪/৩/৯২ তারিখে সুপরিয়র ইলেক্ট্রনিক্স কথিত জামাল বখতিয়ার এবং প্রতিষ্ঠানটির বিরুদ্ধে ধানমন্ডি থানায় মামলা দায়ের করেন। এ ধরনের অভিনব উপায়ে গত কয়েকদিনে আরো বেশ কয়েকটি কমপিউটার প্রতিষ্ঠান থেকে মালামাল আত্মসাৎ করা হয়েছে বলে জানা গেছে।




সম্প্রতি আইবিএম, ন্যাশনাল সিস্টেম সলিউশনকে (এনএসএস) আইবিএম-এর PS/2 কমপিউটারের বাংলাদেশে অথরাইজড ডিলার নিয়োগ করেছে। ছবিতে চুক্তি স্বাক্ষরের পর আইবিএম-এর ব্রাঞ্চ ম্যানেজার জনাব সাজ্জাদ হোসাইন, এনএসএস-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব [illegible] আহমেদ, আইবিএম-এর শাহজামান মজুমদার বীর প্রতীক ও নাজিরুল ইসলাম এবং এনএসএস-এর [illegible] দেখা যাচ্ছে।

## পাড়াগাঁয়ের ছাত্র-ছাত্রীদের জন্যে কমপিউটার পরিচিতি প্রকল্প

কমপিউটার জগৎ -এর পক্ষ থেকে শহরের গণ্ডীর বাইরের বিদ্যালয়গুলোতে সাধ্যানুযায়ী কমপিউটার নিয়ে যাওয়া হচ্ছে। উদ্দেশ্য গ্রামীণ/মফস্বলীয় বিদ্যালয়গুলোতে ছাত্র-ছাত্রীদেরকে কমপিউটার বিষয়ে অন্ততঃ অতি প্রাথমিক কিছু ধারণা দেওয়া। এই সিদ্ধান্ত কমপিউটার জগৎ-এর 'জনগণের হাতে কমপিউটার চাই' আন্দোলনেরই অংশ। রাজধানীর বাইরের কোন বিদ্যালয় এ ব্যাপারে উৎসাহী হলে বিদ্যালয়ের কর্তৃপক্ষকে আমাদের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে।

"গ্রামীন ছাত্র-ছাত্রীদের কমপিউটার পরিচিতি প্রকল্প"
কমপিউটার জগৎ
১৪৬/১, আজিমপুর রোড, ঢাকা-১২০৫, ফোন ঃ ৫০৬৪৮৫



# কমপিউটারে গান শোনা যায়

এক্সটেক কমপিউটার কোঃ নিজেদের মেশিনে ব্যবহারের জন্য মাদার বোর্ড ও ডিসপ্লে কার্ড তৈরী করছে। যদিও তাইওয়ান ও সিঙ্গাপুরের প্রায় সব কমপিউটার প্রতিষ্ঠানই অন্যের তৈরী মাদার বোর্ড ও ডিসপ্লে কার্ড সংগ্রহ করে নিজস্ব কমপিউটারে ব্যবহার করে থাকে।

এক্সটেক কমপিউটারের বাংলাদেশ সোল ডিস্ট্রিবিউটার ইনফোটেক-এর ব্যবস্থাপনা পরিচালক জনাব রহমতউল্লা কমপিউটার জগৎ-এর সাথে এক অন্তরঙ্গ আলোচনায় জানান যে, এক্সটেক সম্প্রতি 'সাউণ্ড গ্যালাক্সী' নামে একটি সাউণ্ড কার্ড বের করেছে। ১৬ বিট সাউণ্ড কার্ডটির বৈশিষ্ট্য হলো এটি যে কোন এমপ্লিফায়ার থেকে সংযোজন নিয়ে হেড ফোন বা এমপ্লিফায়ার-এর মাধ্যমে কমপিউটার থেকে গান শোনা যাবে। এর রেকর্ডিং সুবিধাও রয়েছে। কমপিউটারের সাহায্যে ডিস্কেটেও গান রেকর্ডিং করা যাবে এর মাধ্যমে। এতে সিডি রম ড্রাইভ লাগানোর সুবিধাও আছে।

এক্সটেক সম্প্রতি টু ইন ওয়ান এর মতো সাউণ্ড বুষ্টার বের করেছে। এতে ডিসপ্লে কার্ড ও সাউণ্ড একই সাথে থাকছে। এর ফলে গ্রাহকরা এক দামে ২টি সুবিধা পাবেন। ❖

# কমপিউটার প্রফেশনালস এসোসিয়েশনের নির্বাচন

বাংলাদেশ কমপিউটার প্রফেশনালস এসোসিয়েশনের নির্বাচনে নিম্নলিখিত প্রার্থীদের বিনা প্রতিদ্বন্দ্বিতায় নির্বাচিত বলে প্রধান নির্বাচন কমিশনার ঘোষণা করেছেন জানান হয়।

| | | |
|---|---|---|
| সভাপতি | এ, কে, এম, খলিলুর রহমান খাঁন | (আই, বি, এ, ঢাকা বিশ্ববিদ্যালয়) |
| সহ-সভাপতি | মোঃ হামিদুর রহমান | (পরিসংখ্যান ব্যুরো) |
| | আজিজ আহমেদ | (ঐ) |
| | মুহম্মদ আব্দুর রশিদ সিদ্দিকী | (জীবন বীমা কর্পোরেশন) |
| | মঞ্জুর আহমেদ | (তিতাস গ্যাস টি এণ্ড ডি) |
| মহা সচিব | নূরুল ইসলাম সিদ্দিকী | (পরিসংখ্যান ব্যুরো) |
| যুগ্ম সচিব | মোঃ আলতাফ হোসেন শেখ | (বি, সি, আই, সি) |
| | মোঃ মতিনুর রহমান | (বি, আই, ডব্লিউ, টি সি) |
| কোষাধ্যক্ষ | মোঃ ওমর ফারুক | (আদমজী কমপিউটার) |
| প্রশিক্ষণ, সেমিনার, প্রচার ও প্রকাশনা সচিব | মোঃ হামিদুর রাব্বানী ভূইয়া | (পরিসংখ্যান ব্যুরো) |
| ক্রীড়া, সাংস্কৃতি ও সাংগঠনিক সচিব | সঞ্জয় কুমার লাহিড়ী | (আই, সি, বি) |
| নির্বাহী সদস্য | নাসিমা বেগম | (জীবন বীমা কর্পোরেশন) |
| | মোঃ নওশের আলম | (পরিসংখ্যান ব্যুরো) |
| | দেলওয়ার হোসেন | (ঐ) |
| | মঈনুদ্দিন আহম্মদ | (অগ্রণী ব্যাংক) |
| | মোঃ আব্দুল হামিদ | (বাংলাদেশ ব্যাংক) |
| | সুফিয়া আক্তার বেগম | (ঐ) |
| | নাজনীন সুলতানা | (ঐ) |
| | মোঃ শফিকুর রহমান | (বি, সি, আই, সি) |
| | পুলিন চন্দ্র সিংহ | (পি, এ, সি, সি) |
| | মোঃ রোকনউল ইসলাম | (বিমান বাংলাদেশ এয়ারলাইন্স) |

# বিশ্বকাপ ক্রিকেট কুইজ ইউনিডেভের পুরস্কার ঘোষণা

ইউনিডেভ লিঃ সম্প্রতি অষ্ট্রেলিয়া ও নিউজিল্যাণ্ডে অনুষ্ঠিত বিশ্বকাপ ক্রিকেট উপলক্ষে কুইজ প্রতিযোগিতা ও পুরস্কার প্রদানের ঘোষণা করেছে। সর্বমোট আটটি প্রশ্ন সম্বলিত কুইজের সব কয়টি সঠিক উত্তরের জন্য ছিল বাম্পার পুরস্কার হিসেবে একটি ২০ ইঞ্চি রঙ্গীন টেলিভিশন। এছাড়া প্রথম পরস্কার ছিল তিন হাজার টাকা, দ্বিতীয় পুরস্কার হিসেবে দুই হাজার টাকা এবং তৃতীয় পুরস্কার পাঁচশত টাকা। কুইজে অংশ গ্রহণের জন্য ১০০ টাকা এন্ট্রি ফি দিতে হয়েছে।

উল্লেখ্য, এবারকার বিশ্বকাপ ক্রিকেটের টেলিকাষ্ট এবং উপস্থাপনায় তথ্য প্রযুক্তির ব্যাপক ব্যবহার খেলা দেখার আনন্দকে যেভাবে বাড়িয়ে দিয়েছে তা আগে কখনো দেখা যায়নি। ❖

## কমপিউটার জগৎ-এর গ্রাহক হতে হলে

বার্ষিক সডাক দেড়শত টাকা, ষান্মাসিক আশি টাকা মানিঅর্ডার, চেক, ব্যাংক ড্রাফট-এ "কমপিউটার জগৎ" নামে ১৪৬/১ আজিমপুর রোড, ঢাকা - ১২০৫ এই ঠিকানায় পাঠাতে হবে।

গত এক বছরে কমপিউটার জগৎ প্রকাশনায় [illegible] নিয়মিতভাবে প্রত্যক্ষ অবদান রেখেছেন।



# কনফিডেন্স কমপিউটার এর ৩য় বর্ষপূর্তি

গত ১৬ মার্চ কনফিডেন্স কমপিউটারের ৩য় বর্ষপূর্তি উপলক্ষে এক মিলাদ মাহফিল ও ইফতারের আয়োজন করা হয়। অনুষ্ঠানে বাংলাদেশ কমপিউটার ক্লাব-চট্টগ্রাম এর সেক্রেটারী মহিউদ্দিন ইসলামসহ চট্টগ্রাম বিশ্ববিদ্যা-লয়ের শিক্ষক, বিভিন্ন সরকারী ও বেসরকারী কমপিউ-টার প্রতিষ্ঠানের কর্মকর্তা-কর্মচারী, সাংবাদিক, প্রকাশনা শিল্পের ও বিশিষ্ট ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন। মিলাদ শেষে কনফিডেন্স কমপিউটারের প্রধান নির্বাহী এস এ মজুমদার সোহেল গ্রাহক ও শুভানুধ্যায়ীদের শুভেচ্ছা জানান। ❖


উন্মাদ প্রকাশনীর কিশোর ম্যাগাজিন

দূরন্ত

আপনার সন্তানের হাতে তুলে দিন।

যোগাযোগ : ৫০, টিপু সুলতান রোড, ঢাকা।